

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৩

আগরতলা, ২২ জুন, ২০২২

ত্রিকুমার পাড়ায় স্বাস্থ্য শিবির

দক্ষিণ ত্রিপুরা জেলার বৈষ্ণবপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন মাগুম উপস্বাস্থ্যকেন্দ্র এলাকায় ত্রিকুমার পাড়া ও বর্নরায়পাড়াতে গত ১৬ জুন দুইটি ম্যালেরিয়া সনাক্তকরণ ও স্বাস্থ্য শিবির করা হয়। উক্ত শিবিরেগুলিতে এলাকার মোট ৫৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ বিনামূল্যে প্রদান করা হয়। তাছাড়া স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া সনাক্তকরণে আর ডি কিট দ্বারা রক্ত পরীক্ষা করা করেন ও ব্লাড স্লাইড সংগ্রহ করেন। তাতে সকলের রিপোর্টই নেগেটিভ ছিল। উক্ত স্বাস্থ্য শিবিরে স্বাস্থ্যকর্মীরা উপস্থিত সকলকে ম্যালেরিয়া প্রতিরোধে নিয়মিত মশারি ব্যবহার করা, ডিডিটি স্প্রে করা, বাড়িঘরের আশপাশ পরিষ্কার রাখা, মশার কামড়ের হাত থেকে বাঁচতে যথাসম্ভব ফুল হাতা জামা কাপড় পরিধান করা এবং জ্বর হলে নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করে রক্ত পরীক্ষা করার জন্য পরামর্শ প্রদান করেন। তাছাড়া কোভিড-১৯ প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করেন। উক্ত শিবিরে উপস্থিত ছিলেন স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ অ্যাঞ্জেল জমাতিয়া, কমিউনিটি হেলথ অফিসার রুপম দেবনাথ ও মুকেশ শর্মা, ফার্মাসিস্ট রাহুল দে, এমপিডব্লিউ আশিস ভৌমিক ও এলাকার আশাকর্মী স্বর্ণলক্ষ্মী ত্রিপুরা ও পাদদেবী ত্রিপুরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
